দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JAN 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

# পথকলি ট্রাষ্টের কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত

পথকলি ট্রাষ্টের পুনর্গঠিত ট্রাষ্টি বোর্ডের প্রথম সভা গতকাল (শনিবার) বোর্ডে চেয়ারপারসন এবং শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সভা-

( ১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## পথকলি ট্রাষ্টের

( ১ম পৃঃ পর )

পতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় পথকলি ট্রাষ্টের কার্যাবলী এবং আর্থিক অবস্থা পর্যালোচনা করা হয় এবং আর্থিক অবস্থা এবং ট্রাষ্টের ঢাকাস্থ বিদ্যালয়সমূহের বর্তমান অবস্থা নিরূপণের জন্য দুইটি উপ-কমিটি গঠন করা হয়। সভায় জেলা পর্যায়ে বিদ্যমান বিভিন্ন বিদ্যালয়ের অবস্থা মূল্যায়ন এবং ফতুল্লা ও মুন্সী খোলায় দুইটি চিকিৎসা কেন্দ্রের কাজ অব্যাহত রাখারও সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লেখ্য, ভবিষ্যতে নির্বাচিত সরকার কর্তৃক পথকলি ট্রাষ্টের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার সুবিধার্থে নীতিগতভাবে এ সব পদক্ষেপ নেওয়া হইয়াছে।

সভায় অন্যান্যের মধ্যে ট্রাষ্টের ভাইস-চেয়ারপারসন ও শিক্ষা সচিব আ,ন,ম, ইউসুফ, সদস্য এফ এইচ আবেদ, রোকনুজ্জামান খান, বিআইডিএস-এর মহাপরিচালক ডঃ মাহবুব হোসেন ও নটরডেম কলেজের অধ্যাপিকা মিসেস এ এন রাশেদা উপস্থিত ছিলেন। —তথ্যবিবরণী

2